গাংনীতে ওয়ালটন ফ্রিজ কিনে ২০ লক্ষ টাকা জিতলেন কলেজ ছাত্র রাশেদ

২০ লক্ষ টাকা দিয়ে পড়াশুনার পাশাপাশি কৃষি জমি কিনে মা ও বাবার নামে দেবেন কলেজ ছাত্র রাশেদ। লটারিতে পাওয়া ২০ লক্ষ টাকা পাওয়া কলেজ ছাত্র রাশেদ তার অনুভুতি বলতে গিয়ে আবেগ আপ্লুত হয়ে বলেন, আমি যখন ২০ লাখ টাকার লটারি জিতেছি এমন একটি ফোন পাই। আমি ভয়ে ফোন কেটে দিই। মনে করেছিলাম কোন প্রতারকদের খপ্পরে পড়েছি। পরে একাধিকবার ফোনে আমাকে নিশ্চিত করে। কথাটি প্রথমে আমার মাকে বলতে গিয়ে আমার চোখ ভিজে গিয়েছিল। এই টাকা আমার ভাগ্য বদলের সহায়ক হবে। আমাদের অভাবের সংসার। তিন ভাই বোন ও মা বাবা মিলে ৫ জনের সংসারে বাবার রোজগারে সংসার চলে। মাঠে তেমন জমিজমাও নেই। এই টাকায় আমার বাবার হাতে তুলে দিয়ে বাবাকে সহায়তা করতে পেরে খুবই আনন্দ লাগছে।

লটারি বিজয়ী রাশেদ মেহেরপুর জেলার গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের বাথানপাড়া গ্রামের কৃষক রফিকুল ইসলামের ছেলে ও গাংনী সরকারি ডিগ্রি কলেজের এইচ এসসি দ্বিতীয় বর্ষের ছাত্র।

কলেজ ছাত্র রাশেদ জানান,গাংনীর ওয়ালটন শোরুম মেসার্স সাজু এন্টারপ্রাইজ থেকে ফ্রিজ ক্রয় করি গত ২৭ অক্টোবর। ডাবল মিলিয়ন অফার চলাকালিন ফ্রিজ কিনে ২০ লাখ টাকা পুরস্কার পাই। গতকাল সোমবার (১১ নভেম্বর) বিকালে ওয়ালটনের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর ও জনপ্রিয় চিত্রনায়ক আমিন খান তার হাতে ২০ লাখ টাকার চেক তুলে দেন।

রাশেদের বাবা রফিকুল ইসলাম বলেন,এই টাকা দিয়ে আমার ছেলের জীবন বদলে দেবো। তাকে লেখা পড়া শিখে মানুষ হতে হবে।

মা বেলিয়ারা খাতুন বলেন,আমি প্রথমে বিশ্নাস করতে পারছিলাম না। গরিবের কপালে এতবড় পাওয়া আল্লাহ্র কাছে হাজার শুকরিয়া।

গাংনীর ওয়ালটন শোরুম সাজু এন্টারপ্রাইজের মালিক মাহবুবুল বারী সাজু জানান, কলেজ ছাত্র ,রাশেদ ওয়ার এইচ ফাইভ মডেলের একটি ফ্রিজ ক্রয় করে ডাবল মিলিয়ন অফারে ২০ লাখ টাকা পুরস্কার পেয়েছেন।

ওয়ালটনের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর ও জনপ্রিয় চিত্রনায়ক আমিন খান সহ ওয়ালটনের কর্মকর্তারা তার হাতে চেক তুলে দিতে গাংনী আসেন।

তিনি বলেন, ফ্রিজ, টিভি, ওয়াশিং মেশিন বা বিএলডিসি ফ্যান কিনে ক্রেতারা পেতে পারেন ২০ লাখ টাকা। এই অফার ৩১ ডিসেম্বর পর্যন্ত চলছে তবে কর্তৃপক্ষ চাইলে সময় বৃদ্ধি হতে পারে।

চিত্রনায়ক আমিন খান বলেন, ওয়ালটন একটি দেশীয় পণ্য। এপণ্য যত কিনবেন দেশ ততই সমৃদ্ধ হবে, আর্থিক ভাবে সাবলম্বি হবে। তিনি আরও বলেন, বাংলাদেশের তৈরি ওয়ালটন এখন আন্তর্জাতিক মান সম্পন্ন। এপণ্য কিনে দেশের কয়েক হাজার মানুষ পুরুস্কার জিতে সাবলম্বি হয়েছে। ওয়ালটনের এ ধারা অব্যাহত থাকবে। ওয়ালটন কারও সাথে প্রতারনা করেনা। আমরা ঢাকা থেকে গাংনীতে পুরুস্কারের টাকা পৌছে দিতে এসেছি। আমরা এটাই প্রমান করেছি ওয়ালটন আছে দেশের প্রতিটি গ্রামে। প্রতিটি মানুষের মনে প্রাণে।

পুরস্কার বিতরন উপলক্ষে এর আগে গাংনী বাজারের ওয়ালটন শোরুম থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়। পরে মঞ্চে সংঙ্গীত পরিবেশন করে শিল্পীরা।

পুরস্কার বিতরন অনুষ্ঠানে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ওয়ালটনের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর এবং ডিস্ট্রিবিউটর টেওয়ার্কের হেড অব সেলস ফিরোজ আলম, চিফ মার্কেটিং অফিসার (সিএমও) গালীব বিন মোহাম্মদ, ডেপুটি সিএমও জোহেব আহমেদ, এক্সিকিউটিভ ডিরেক্টর মো. মনিরুল হক এবং ওয়ালটনের ডিস্ট্রিবিউটর শোরুম সাজু এন্টারপ্রাইজের স্বত্ত্বাধিকারী মাহাবুবুল বারীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মেহেরপুরে জামায়াতে ইসলামীর সদস্য সম্মেলন অনুষ্ঠিত

‘ ‘মানবতার সেবা ও দেশ পরিচালনার যোগ্যতা অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন’’ এই প্রতিপাদ্যে বাংলাদেশ জামায়াতে

ইসলামী মেহেরপুর জেলা শাখার সদস্য (রুকন) সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (১২ নভেম্বর) সকাল ১০ টার দিকে মেহেরপুর শহরের পৌর কমিউনিটি সেন্টারে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমীর তাজউদ্দিন আহমেদ।
সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও অঞ্চল পরিচালক মোবারক হোসাইন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ৫ই আগস্টের বিপ্লবের পর থেকে আমাদের জামায়াত সারা বাংলাদেশের প্রতিটি ঘরে পৌঁছানোর চেষ্টা করেছে। আমরা মানুষের পাশে দাঁড়িয়েছি, তাদের উদ্বেগ ও দুর্দিনে সহায়তা প্রদান করেছি। শহীদ ভাইদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা ঘরে ঘরে গিয়েছি এবং তাদের পরিবারের পাশে দাঁড়িয়েছি। আহত ভাইদের চিকিৎসার জন্যও আমরা সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছি। এভাবেই আমরা জাতির কল্যাণে কাজ করে যাচ্ছি এবং ভবিষ্যতেও তা অব্যাহত রাখবো।

তিনি আরও বলেন, বর্তমান সরকারকে একটি যৌক্তিক সময়ের মধ্যে সংস্কার করে নির্বাচন দিতে হবে। সবকিছু মিলিয়ে, ড. শফিকুল রহমান ও বাংলাদেশ জামায়াতে ইসলামী বাংলাদেশের জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। বর্তমানে মানুষ আমাদের দিকে তাকিয়ে স্বপ্ন দেখতে শুরু করেছে, এবং জামায়াতে ইসলামী তাদের সেই স্বপ্ন দেখাচ্ছে। তাই, আগামী নির্বাচনে জামায়াত কাঙ্খিত ফলাফল অর্জন করতে সক্ষম হবে এবং জাতি একটি ইনসাফপূর্ণ ও সুস্থ সমাজ প্রতিষ্ঠার দিকে অগ্রসর হবে।

জেলা শাখার সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইনের পরিচালনায় সম্মেলনে চুয়াডাঙ্গা জেলা আমীর এ্যাড. রুহুল আমিন, যশোর-কুষ্টিয়া অঞ্চল টিম সদস্য ড. আলমগীর বিশ্বাস, জেলা নায়েবে আমীর মাওঃ মাহবুব-উল আলম প্রমুখ বক্তব্য রাখেন।

এতে বক্তারা বলেন, মানবতার সেবা, দেশ পরিচালনার দক্ষতা এবং আল্লাহর সন্তুষ্টি অর্জনই আমাদের প্রধান উদ্দেশ্য হওয়া উচিত। তাঁরা জামায়াতে ইসলামীকে একটি গণতান্ত্রিক, মানবিক ও ন্যায়বিচারের আন্দোলন হিসেবে তুলে ধরে বলেন, ‘‘আমরা চাই একটি সাম্যভিত্তিক সমাজ ব্যবস্থা, যেখানে প্রতিটি নাগরিক তার অধিকার

পাবেন।’’

এছাড়াও এসময় মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলারসহ বিভিন্ন স্থান থেকে আগত জামায়াতের সদস্যরা উপস্থিত ছিলেন।

সম্মেলনের শেষে মেহেরপুর জেলা আমীর দেশ ও জাতির কল্যাণে জামায়াতে ইসলামীর আদর্শে উজ্জীবিত হয়ে কাজ করতে শপথ গ্রহণ করেন। শপথ পাঠের পর সংগঠনের উন্নতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে ডকুমেন্টারি প্রদর্শন করানো হয়।

সম্মেলনের দ্বিতীয় পর্বে জেলা মজলিসে শুরার ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় এবং গিফট বিতরণ করা হয়।

এছাড়া, সম্মেলনে বাংলাদেশের মুসলিম সমাজের ঐক্য ও আল্লাহর প্রতি নিষ্ঠা অব্যাহত রাখার জন্য সকলকে একত্রিত হওয়ার আহ্বান জানানো হয়।

ক্যাসিনো সম্রাজ্ঞী মন্ত্রী পত্নী মোনালিসা, কিনেছেন কানাডায় বাড়ি

অডিও ক্লিপ ভাইরাল : পর্ব—১

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন ও তার স্ত্রী মোনালিসা গত ১০ বছরে হাজার কোটি টাকার মালিক হয়েছেন বলে খোদ স্বীকার করেছেন তার ছোট ভাই সরফরাজ হোসেন মৃদুল। গতকাল সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়া একটি অডিও ক্লিপে এ তথ্য দিয়েছেন তিনি। অনলাইন ক্যাসিনো সম্রাজ্ঞী হিসেবে আখ্যায়িত করেছেন মন্ত্রী পত্নী মোনালিসা হোসেনকে। মন্ত্রী দম্পত্তি গত ১০ বছরে মেহেরপুরের অনলাইন ক্যাসিনো থেকে শুরু করে এমন কোন খাত নেই যেখানে দুনীর্তি করেননি। আর এসকল কর্মকাণ্ড করে গড়েছেন বিপুল

সম্পদের মালিক। কানাডায় বাড়ি কিনেছেন বলে এতদিন ধরে যে খবর রটেছিলো সেই খবরের সত্যতা স্বীকার করলেন তারই ছোট ভাই মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল। শুধু কানাডায়ই না বিভিন্ন যায়গায় বাড়ি কিনেছেন বলে স্বীকার করেছেন। তবে অডিও ক্লিপে অপর প্রান্তে কে কথা বলছেন তা জানা যায়নি। হতে পারে কোন গোয়েন্দা কর্মকর্তা অথবা সাংবাদিক।

অডিও ক্লিপে মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলূ, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, আওয়ামী লীগ নেতা আমিনুল ইসলাম খোকন এরা সকলেই অনলাইন ক্যাসিনোর সাথে জড়িত ছিলেন। অনলাইন ক্যাসিনোর এজেন্টরা মৃদুল, বাঁধন, খোকন ও মোনালিসা সাথে সখ্যতা তৈরি করে মেহেরপুরকে অনলাইন ক্যাসিনোর স্বর্গরাজ্যতে পরিণত করেছিলেন, যার প্রভাব এখনো বিদ্যামান। মন্ত্রী দম্পত্তির সুপারিশে অনলাইন জুয়ার মূল হোতারা সবসময় আইন শৃঙ্খলা বাহিনী থেকে ধরাছোয়ার বাইরে থেকে যায়।

২০১৪ সালের জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন নিয়ে আসেন মেহেরপুরে। বসন্তের কোকিল হয়ে প্রবেশ করেন আওয়ামী লীগের রাজনীতিতে। একতরফা ওই নির্বাচনে মেহেরপুর—১ আসনে জয়ী হয়ে পরের বছর জেলা আওয়ামী লীগের সভাপতি পদ পেয়ে যান। এরপর ধীরে ধীরে মেহেরপুরে দলীয় রাজনীতি থেকে শুরু করে উন্নয়ন প্রকল্পের ঠিকাদারি পর্যন্ত সবই চলে যায় ফরহাদ হোসেনের পরিবারের দখলে।

আওয়ামী লীগের নেতা—কর্মীরা বলছেন, পরিবারের সদস্য, স্বজন ও ঘনিষ্ঠজনদের দলীয় বিভিন্ন পদে বসিয়েছেন সাবেক জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন (দোদুল)। তাঁদের অনেককে জনপ্রতিনিধিও বানিয়েছেন। তাঁদের দিয়েই জেলার ঠিকাদারি নিয়ন্ত্রণ করতেন তিনি। বিপরীতে কোণঠাসা করেছেন দলের ত্যাগী নেতাদের। তাঁর বিপক্ষে গেলে দলীয় নেতা—কর্মীদের নানাভাবে নির্যাতনের অভিযোগও রয়েছে। ফরহাদের ভাই ও ভগ্নিপতির দাপটে দলীয় নেতা—কর্মী ও প্রশাসনের কর্মকর্তারা তটস্থ থাকতেন।

কলেজশিক্ষক থেকে মন্ত্রী ফরহাদ হোসেনের বাবা ছহিউদ্দীন বিশ্বাস ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের তৎকালীন সভাপতি। তবে সংসদ সদস্য (এমপি) হওয়ার আগপর্যন্ত দলে কোনো পদ ছিল না ফরহাদের। এলাকায় সজ্জন হিসেবেই পরিচিত ছিলেন। ২০০৪ সালে আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলামের চাচাতো বোন সৈয়দা মোনালিসা ইসলামকে বিয়ে করেন। ২০১৪ সালে মেহেরপুর—১ আসনের এমপি

হওয়ার পর ২০১৫ সালের অক্টোবরে সরাসরি জেলা আওয়ামী লীগের সভাপতি বনে যান। সবশেষ ২০২২ সালেও দলের সম্মেলনে তিনি একই পদ পান। ২০১৮ সালের নির্বাচনের পর আওয়ামী লীগ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দায়িত্ব পান ফরহাদ হোসেন। সর্বশেষ ২০২৪ সালে তৃতীয়বারের মতো এমপি হয়ে এক মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রীর দায়িত্ব পান।

গত ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর আত্মগোপনে ছিলেন ফরহাদ হোসেন ও তাঁর পরিবারের সদস্যরা। ৫ আগস্ট সন্ধ্যায় মেহেরপুরে সাবেক এই মন্ত্রীর বাসভবনের সামনের গাড়ি রাখার টিনের ছাউনি ভেঙে আগুন ধরিয়ে দেয় উত্তেজিত জনতা। শহরের পুরোনো বাসস্ট্যান্ড এলাকায় ফরহাদ হোসেনের ‘ব্যক্তিগত কার্যালয়ে’ ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করা হয়। পরে শহরের বড়বাজার সড়কে পৌর কমিউনিটি হলের সামনে ফরহাদ হোসেনের ছোট ভাই জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেনের বাণিজ্যিক তিনতলা ভবনের নিচতলার একটি দোকান পুড়িয়ে দেয় উত্তেজিত জনতা। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে রাজধানীর আদাবর থানার পোশাককর্মী রুবেল হত্যা মামলায় গত ১৪ সেপ্টেম্বর রাতে ফরহাদ হোসেনকে রাজধানীর ইস্কাটন থেকে গ্রেপ্তার করে র্যাব। বর্তমানে তিনি কারাগারে।

ফরহাদ হোসেন এমপি হওয়ার আগ পর্যন্ত এলাকার মানুষ প্যারাসিটামল বিক্রেতা হিসেবে চিনত সরফরাজ হোসেন মৃদুলকে। পৌরসভার পাশে ছোট একটি ফার্মেসীর দোকান ছিল তার। ভাই ২০১৪ সালে এমপি হওয়ার পরপরই তিনি ঠিকাদারি ব্যবসায় যুক্ত হন। প্রভাব বিস্তার করে দরপত্র বাগিয়ে নিতেন। এরপর তিনি পৌরসভা কমিউনিটির সামনে বড় বাজার সড়কের পাশে ৬ কাটা জমি কিনে বাণিজ্যিক ভবন নির্মাণ করেন।

মেহেরপুরের বিভিন্ন সরকারি দপ্তরের উন্নয়নকাজের ঠিকাদারি নিয়ন্ত্রণ করতেন ফরহাদ হোসেনের ভগ্নিপতি বাবলু বিশ্বাস ও ভাই সরফরাজ হোসেন। মূলত অন্যদের প্রতিষ্ঠানের নামে কাজ নিয়ে বাবলু বিশ্বাস তা নিয়ন্ত্রণ করতেন বলে জানিয়েছেন ঠিকাদারেরা।

গত বছরের ২০ অক্টোবর সরফরাজ হোসেনের বিরুদ্ধে ১ কোটি ৮০ লাখ টাকার চেক প্রত্যাখ্যানের (ডিজঅনার) মামলা করেছেন দেবাশীষ বাগচি নামের এক ব্যক্তি। একসময় তিনি সরফরাজের ব্যবসায়িক অংশীদার ছিলেন। তিনি বলেন, ২০১৫ সাল থেকে তিনি সরফরাজের সঙ্গে যৌথভাবে ঠিকাদারি ব্যবসা শুরু করেন। ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত গণপূর্ত, জনস্বাস্থ্য, শিক্ষা প্রকৌশলী, এলজিইডিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রায় ৩৫টি দরপত্র তিনি প্রভাব খাটিয়ে বাগিয়ে নেন। এর আনুমানিক

মুজিবনগরে নাইমএমএ পিস্তল ও গুলিসহ যুবক আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের অনলাইন ক্যাসিনো ও মাদক ব্যবসায়ী সোহাগ হোসেনকে (৩২) নাইন এমএম পিস্তল ও অস্ত্র গুলিসহ আটক করেছে যৌথ বাহিনী।

আজ সোমবার রাত ৯ দিকে এ অভিযান চালানো হয়। আটক সোহাগ হোসেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের আমিনুল ইসলামের ছেলে। তার বিরুদ্ধে চাঁদাবাজি, অনলাইন ক্যাসিনো এবং মাদক ব্যবসার অভিযোগ রয়েছে বলে জানায় পুলিশ।

অভিযান সুত্রে জানা গেছে, অনলাইন ক্যাসিনো ও মাদক ব্যবসায়ীরা অস্ত্র গুলি নিয়ে এসেছে এমন গোপন খবর পায় যৌথ বাহিনী। আজ সোমবার সকালে অভিযান চালিয়ে সোহাগকে তার বাড়ি থেকে একটি চাইনিজ কুড়াল ও ২টি মোবাইল ফোন কয়েকটি সিমসহ আটক করা হয়। এরপরে জিজ্ঞাসাবাদে তার স্বীকারোক্তিতে সদর উপজেলার আশরাফপুর গ্রামের ঝুকিপাড়া শশ্মানঘাট সংলগ্ন মাঠ থেকে জার্মানির তৈরী একটি নাইনএমএম পিস্তল, ৪ রাউন্ড গুলি এবং ১টি ম্যাগাজিন উদ্ধার করা হয়। আটক সোহাগের নামের অস্ত্র আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে বলে জানান মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান।

“গ্রাম পুলিশ সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি

বাহিনী”–ডিসি সিফাত মেহনাজ

মেহেরপুরের গাংনীতে ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ বাহিনীর সদস্যগণের জন্য ৩০ দিনব্যাপী ‘বুনিয়াদি প্রশিক্ষণ’ কোর্স শুরু হয়েছে।

আজ সোমবার (১১ নভেম্বর) সকাল ১১ টার সময় গাংনী উপজেলা পরিষদ হলরুমে ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ বাহিনীর সদস্যগণের জন্য ৩০ দিনব্যাপী ‘বুনিয়াদি প্রশিক্ষণ’ কোর্সের উদ্বোধন করা হয়।

গাংনী উপজেলা প্রশাসনের সহযোগিতায় ‘বুনিয়াদি প্রশিক্ষণ’ কোর্সের আয়োজন করে ঢাকা জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এনআইএলজি’র জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট। আগামী ১০ ডিসেম্বর প্রশিক্ষণ কোর্সের সমাপ্ত হবে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গাংনী উপজেলায় এই ‘বুনিয়াদি প্রশিক্ষণ’ কোর্সের উদ্বোধন করেন, মেহেরপুর জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট সিফাত মেহনাজ।

ভাচুয়াল প্লাটফর্মে যুক্ত হয়ে দিক নির্দেশনা মূলক বক্তব্য দেন জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউটের মহাপরিচালক মো: আব্দুল কাইয়ূম।

এতে বিশেষ অতিথির বক্তব্য দেন, মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক শামীম হোসেন।

এসময় উপস্থিত ছিলেন, কোর্স সমন্বয়ক যথাক্রমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) প্রকৌশলী নিরঞ্জন চক্রবর্তী, এনআইএলজি প্রকল্পের প্রকাশনা কর্মকর্তা আব্দুল জলিল মল্লিক ও আনসার ভিডিপি কর্মকর্তা সাঈদুর রহমান।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাছিমা খাতুন, সমাজসেবা কর্মকর্তা আরশেদ আলী, জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমানসহ অন্যান্য কর্মকর্তারা।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা’র সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) প্রকৌশলী নিরঞ্জন চক্রবর্তী।

প্রশিক্ষণ কোর্সে গাংনী উপজেলার ৯ টি ইউনিয়নের ৪০ জন গ্রাম পুলিশ বাহিনীর সদস্য অংশ নিয়েছেন।

প্রধান অতিথি সিফাত মেহনাজ বলেন, প্রশিক্ষণ হলো একজন মানুষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রাম পুলিশ সনকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বাহিনী। বর্তমান সরকার দেশের গ্রাম পুলিশ বাহিনীকে আরো আধুনিকায়ন ও চৌকস করতে নানা পদক্ষেপ বাস্তবায়ন করার পদক্ষেপ নিয়েছে। এই প্রশিক্ষণ সেই পদক্ষেপের একটি অংশ।

মাসব্যাপী প্রশিক্ষণ থেকে লব্ধ জ্ঞান অক্ষরে অক্ষরে পালন ও প্রয়োগ করতে গ্রাম পুলিশ বাহিনীর প্রতি নির্দেশনা প্রদান করেন প্রধান অতিথি সিফাত মেহনাজ।

শুরুতেই প্রশিক্ষণার্থীদের একটি করে ব্যাগসহ প্রশিক্ষণের বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। এছাড়াও মাসব্যাপী প্রশিক্ষণে গ্রাম আদালতের ভিত্তি গ্রাম আদালত আইন-২০০৬ (সংশোধিত-২০১৩) ও বিধিমালা-২০১৬ নিয়ে গ্রাম পুলিশ বাহিনীর প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

এসময় গাংনী উপজেলা প্রশাসনের অন্যান্য দপ্তরের প্রধানগন ও বিভিন্ন ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও সচিবগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভাইয়ের মৃত্যুর ৮ ঘন্টা পর মারা গেলেন বোনও

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ও সাবেক পৌর চেয়ারম্যান আব্দুর রহমানের মৃত্যুর ৮ ঘন্টা পর বড় বোন অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক রিজিয়া খাতুনের মৃত্যু হয়েছে। ইন্তেকাল করেছেন।(ইন্না……রাজিউন)

রিজিয়া খাতুন মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত সহকারি শিক্ষক ছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৬ বছর।

আজ সোমবার (১১ নভেম্বর) দুপুরের দিকে মেহেরপুর শহরের মহিলা কলেজপাড়ায় তাঁর নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন।
তিনি দীর্ঘদিন যাবৎ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে নিজ বাড়িতে

চিকিৎসাধীন ছিলেন।

আজ সোমবার ভোর ৪ টার দিকে তাঁর ছোট ভাই মেহেরপুর পৌরসভার সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমানের মৃত্যু হয়। বড় ভাইয়ের মৃত্যুর ৮ ঘণ্টা পর ছোট বোনের মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে আসে।

আজ সোমবার বাদ আসর মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে দুই ভাই বোনের জানাযা অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে গণপ্রকৌশল দিবস ২০২৪ পালন

“বৈষম্যহীন কর্মক্ষেত্র-সময়ের দাবি” এই প্রতিপাদ্যে মেহেরপুরে গণপ্রকৌশল দিবস’২০২৪ আইডিইবি’র গৌরবোজ্জ্বল ৫৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালীর আয়োজন করা হয়েছে।

ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) মেহেরপুর জেলা শাখার আয়োজনে আজ সোমবার (১১ নভেম্বর) সকাল ১০ টার দিকে পৌর কমিউনিটি সেন্টার প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে লালটুর মোড়ে এসে শেষ হয়।

জনসংযোগ ও প্রচার সদস্য প্রকৌশলী মোস্তফা কামালের নেতৃত্বে র্যালীতে কেন্দ্রীয় আইডিবির অন্তর্বর্তীকালীন আহ্বায়ক কমিটির উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, আইডিইবি’র সভাপতি আনিসুজ্জামান বকুল, সাধারণ সম্পাদক মারুফ হোসেন, সহ-সভাপতি মিজানুর রহমান, শামীম রেজা, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম প্রমুখ উপস্থিত ছিলেন।

এর পরে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভার সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা আব্দুর রহমান আর নেই

মেহেরপুর জেলা বিএনপি’র সহ—সভাপতি ও মেহেরপুর পৌরসভার সাবেক চেয়ারম্যান আব্দুর রহমান (৭৪) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)।

আজ সোমবার (১১ নভেম্বর) ভোর ৪টার সময় হৃদরোগে আক্রান্ত হয়ে নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেন তিনি।
তাঁর স্ত্রী, দুই ছেলে, দুই মেয়ে, আত্মীয় স্বজন, রাজনৈতিক সহকর্মী, বন্ধুসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

আরও পড়ুন গাংনীতে সহকারি অধ্যাপক আব্দুর রশিদের স্বরণ সভা ও দোয়া অনুষ্ঠিত

পারিবারিক সূত্র জানিয়েছে, তিনি দীর্ঘদিন যাবৎ হৃদরোগসহ বিভিন্ন রোগে ভুগছিলেন। তিনি চিকিৎসকের আওতায় ওষধপথ্য সেবন করতেন।

আব্দুর রহমান শুরু থেকেই বিএনপির রাজনীতির সাথে জড়িত। মেহেরপুরে বিএনপির প্রতিষ্ঠাতা সাবেক এমপি আহমেদ আলীর হাত ধরে তিনি বিএনপির রাজনীতিতে আসেন।

তৎকালিন এরশাদ সরকারের আমলে (১৯৮৮ সালে) বিপুল ভোটের ব্যবধানে মেহেরপুর পৌর সভার চেয়ারম্যান নির্বাচিত হন।

তিনি বিএনপির বিভিন্ন পদে অধিষ্ট ছিলেন। দীর্ঘদিন যাবৎ মেহেরপুর জেলা বিএনপির সহ—সভাপতির দায়িত্ব পালন করে আসছেন।

আরও পড়ুন মেহেরপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

বিএনপির জৈষ্ঠ নেতা আব্দুর রহমানের মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সাধারণ

সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দীন খান, জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টনসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ।

গাংনীতে সহকারি অধ্যাপক আব্দুর রশিদের স্বরণ সভা ও দোয়া অনুষ্ঠিত

গাংনী সরকারি ডিগ্রি কলেজের অবসরপ্রাপ্ত সহকারি অধ্যাপক ও সুশাসনের জন্য নাগরিক সুজনের গাংনী উপজেলা শাখার সভাপতি সদ্য প্রয়াত আব্দুর রশিদের স্বরণ সভা ও দোয়ার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট পরিবারের পক্ষ থেকে আজ রবিবার (১০ নভেম্বর) বিকালে গাংনী ফুঁলকুড়ি মাধ্যমিক স্কুল মাঠে এই স্বরণ সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

সুশাসনের জন্য নাগরিক (সুজন) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত স্বরণ সভায় বক্তব্য রাখেন, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, আব্দুর রশিদের ঘনিষ্ট বন্ধু কুষ্টিয়া সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক মো: আক্তার হোসেন, হাটবোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের সাবেক অধ্যক্ষ আব্দুস সাত্তার, একই বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক বীরমুক্তিযোদ্ধা আবুল কাসেম, মরহুমের সহপাঠি বিল্লাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক কেতাব আলী বিএসসি, মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের অবসরপ্রাপ্ত শিক্ষক মোরাদ হোসেন, গাংনী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইসচেয়ারম্যান লাইলা আরজুমান বানু, আব্দুর রশিদের সরাসরি ছাত্র বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, আব্দাল হক, ডিজিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, সাংবাদিক জুলফিকার আলী কানন, গাংনী প্রেসক্লাবের সাধারণ

সম্পাদক মাহবুব আলম, মুক্তিযোদ্ধা আহমেদ আলী টেকনিকেল কলেজের প্রভাষক রফিকুল ইসলাম বকুল, হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক আফরোজা আক্তার বানু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আজিজুল হক রানু, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়ক হেলাল উদ্দীন।

এসময় তার সহধর্মিনী ইভা রশিদ ও ছেলে সাহেদ আহমেদ উপস্থিত ছিলেন।

সুজনের গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক ও করমদি ডিগ্রি কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টুর সঞ্চালনায় অনুষ্ঠিত স্বরণ সভায় সমাপনি বক্তব্য রাখেন, সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

স্বরণ সভায় আলোচকবৃন্দ সহকারি অধ্যাপক আব্দুর রশিদের জীবনীর উপর নানা তথ্য উপাত্য তুলে ধরে বলেন আব্দুর রশিদের মৃত্যুতে গাংনী উপজেলাবাসি একজন সৎ নিষ্ঠাবান সমাজ সংস্কারক ও শিক্ষাবিদকে হারিয়েছেন। সমাজের বিভিন্ন অসংগতি অনাচার দূরিকরণে আব্দুর রশিদ স্বোচ্ছার ছিলেন। তিনি মানুষকে সততার দিকে আহবান জানাতেন।

উল্লেখ্য, গাংনী সরকারি ডিগ্রি কলেজের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক (অবসরপ্রাপ্ত) সহকারি অধ্যাপক আব্দুর রশিদ গত ৩০ অক্টোবর বুধবার ভোর ৪টার দিকে ঢাকার ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

অভিশাপের কারনে হাসিনা সহ তার এমপি মন্ত্রীরা দেশ ছেড়ে পালিয়েছে… সাবেক এমপি আমজাদ

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন বলেছেন ৭৪ সালে দূর্ভিক্ষের সময় কুকুরের সাথে মানুষ খাবার নিয়ে টানাটানি করেছে। খাবারের অভাবে মানুষ ডাষ্টবিনের খাবার খেয়েছে। শেখ মুজিবের সময় সেটি হয়েছে।

আজ রবিবার বিকালে গাংনী বাজার বাসষ্ট্যান্ডে ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে র্যালি শেষে সংক্ষিপ্ত সভায় তিনি একথা বলেন।

তিনি আরো বলেন,শেখ হাসিনার শাসন আমলে গুম খুন ধর্ষন লুটপাট হুলিয়া থেকে শুরু করে সব অপকর্ম হয়েছে। এসব অপকর্ম আর অভিশাপের কারনে হাসিনা সহ তার এমপি মন্ত্রীরা দেশ ছেড়ে পালিয়ে গেছে। তিনি আরো বলেন, ৭ নভেম্বরকে মনেপ্রাণে ধারণা করতে হবে। স্বাধীনতার ঘোষক শহীদ জিয়াকে এ দেশের মানুষ ভালোবাসে বলেই সিপাহি-জনতা বন্দিদশা থেকে মুক্ত করে ক্ষমতায় বসিয়েছিল দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা ও দেশের কল্যাণ-অগ্রগতির জন্য।

এর আগে গাংনী ফুটবল মাঠ থেকে একটি র্যালি বের হয়ে শহরের বিভিণ্ন সড়ক ঘুরে বাসষ্ট্যান্ড চত্তরে সংক্ষিপ্ত বক্তব্য’র মধ্যে দিয়ে শেষ হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি আব্দুর রউফ মাষ্টার।

প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক এমপি মো: আমজাদ হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা বিএনপির সহসভাপতি আব্দুর রাজ্জাক মাষ্টার। অনুষ্ঠান সঞ্চালণা করেন বিএনপি নেতা মুস্তাফিজুর রহমান বাবলু। এসময় উপজেলা বিভিন্ন গ্রামের হাজার হাজার নেতাকর্মীরা র্যালি ও সংক্ষিপ্ত আলোচনা সভায় যোগদেন।